দৈনিক বাংলা

তারিখ 01 FEB 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

১৮

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে সুপারিশ

"বাংলাদেশের ছাত্র রাজনীতি ও উচ্চ শিক্ষার ভবিষ্যৎ" শীর্ষক এক সেমিনারে শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে ক্যাম্পাস পুলিশের ব্যবস্থা, সন্ত্রাসীদের কঠোর হস্তে দমন এবং অভিযুক্ত ছাত্রছাত্রীদের তাৎক্ষণিকভাবে বহিষ্কারের সুপারিশ করা হয়েছে।

রোববার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সেমিনার হলে ওয়ার্ল্ড ইউনির্ভাসিটি সার্ভিসের উদ্যোগে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের স্পীকার শেখ রাজ্জাক আলী। মূল প্রবন্ধ পড়ে শোনান মহানগরীর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর কাজী সালেহ আহমদ। ওয়ার্ল্ড ইউনির্ভাসিটি সার্ভিসের সভাপতি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ শাহজাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে আলোচনায় অন্যান্যের মধ্যে অংশ নেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম আনিসুর রহমান, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর গোলাম রহমান, প্রফেসর মাহফুজুল হক, প্রফেসর আবু তাহের আলী, প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান, প্রফেসর হামিদা বানু প্রমুখ।

স্পীকার শেখ রাজ্জাক আলী আত্মসমালোচনা ও আত্মশোধনের মাধ্যমে জাতির সকল সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করেন।

প্রফেসর কাজী সালেহ আহমেদ তার প্রবন্ধে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ নষ্ট হওয়ার জন্য বহিরাগত মাস্তানদের হলে অবস্থান, ছাত্র রাজনীতিতে অবৈধ অংশগ্রহণ, ছাত্র সংগঠনে সন্ত্রাসী ক্যাডার সৃষ্টি এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার দুর্বলতাকে দায়ী করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।